

الْحَمِيد

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৫৭ তম নাম ‘الْحَمِيد’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الْحَمِيد’ শব্দের মূল ح - م - د , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৬৩ বার এসেছে। প্রশংসা করা, প্রশংসা, প্রশংসার যোগ্য, প্রশংসিত ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْحَمِيد অর্থ: ‘তিনি একমাত্র প্রশংসার যোগ্য’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

دَعَوَاهُمْ فِيهَا سُبْحَانَكَ اللَّهُمَّ وَتَحِيَّتُهُمْ فِيهَا سَلَامٌ وَأَخْرُ دَعَوَاهُمْ أَنْ الْحَمْدُ لِلَّهِ رَبِّ
الْعَالَمِينَ ﴿١٠﴾

যেখানে (বেহেশতে) তাদের দোয়া হবে: হে আল্লাহ তুমি সকল ক্রটির উর্ধ্ব, অতি পবিত্র, অতি মহান। আর সেখানে তাদের অভিবাদন হবে ‘সালাম’। সেখানে তাদের শেষ দোয়া হবে: সব প্রশংসা মহাজগতের প্রভু আল্লাহর। (সূরা ইউনুস: আয়াত নং ১০)

وَقَالَ مُوسَىٰ إِنَّ تَكْفُرُوا أَنْتُمْ وَمَنْ فِي الْأَرْضِ جَمِيعًا فَإِنَّ اللَّهَ لَغَنِيٌّ حَمِيدٌ ﴿٨﴾

মুসা আরও বলেছিল: তোমরা এবং পৃথিবীর সবাইও যদি আল্লাহর প্রতি অকৃতজ্ঞ ও অবিশ্বাসী হও, তবু আল্লাহ সবার থেকে প্রয়োজনমুক্ত, স্বয়ংসম্পূর্ণ, স্বনির্ভর, স্বপ্রশংসিত? (সূরা ইব্রাহিম: আয়াত নং ৮)

يَأَيُّهَا النَّاسُ أَنْتُمْ الْفُقَرَاءُ إِلَى اللَّهِ وَاللَّهُ هُوَ الْغَنِيُّ الْحَمِيدُ ﴿١٥﴾

হে মানুষ! তোমরা আল্লাহর নিকট ফকির, আল্লাহর মুখাপেক্ষী অথচ আল্লাহ মুখাপেক্ষীহীন, স্বপ্রশংসিত। (সূরা ফাতির: আয়াত নং ১৫)

তিরমিজি শরীফের হাদীস:

সর্বোত্তম জিকির হচ্ছে لا اله الا الله الحمد لله সকল প্রশংসা আল্লাহর।

মুসলিম শরীফের হাদীস:

الحمد لله সমস্ত প্রশংসা আল্লাহর। মিজান (কিয়ামতের দিনের দাঁড়িপাল্লা) পরিপূর্ণ করে দেবে।

আন নাসায়ী শরীফের হাদীস:

নিশ্চয়ই আল্লাহ পছন্দ করেন الحمد لله সমস্ত প্রশংসা আল্লাহর।

মুসলিম শরীফের হাদীস:

মুমিনের ব্যাপারটা আশ্চর্যজনক। তার সমস্ত কাজই কল্যাণকর। মমিন ছাড়া অন্যের ব্যাপার এরূপ নয়। তার জন্য আনন্দের কোন কিছু হলে সে আল্লাহর শোকর করে, তাতে তার মঙ্গল হয়। আবার ক্ষতিকর কোন কিছু হলে, সে ধৈর্য ধারণ করে এটাও তার জন্য কল্যাণকর হয়।

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা! আসুন, আমরা আল্লাহর নির্দেশিত ফরজ কাজ গুলো ঠিকঠাক মতো আদায় করি। এবং নফল ইবাদত করি, সহিহ হাদিস মোতাবেক আল্লাহর জিকির করি, আল্লাহর কাছে দোয়া করি, আল্লাহর প্রশংসা করি। সর্বোপরি আল্লাহ যে অবস্থায় রাখেন তাতে সন্তুষ্ট থাকি, বিপদে মুসিবতে ধৈর্য ধারণ করি। আল্লাহর সাথে কাউকে শরীক না করি। আল্লাহ আমাদের সহায় হোন। আমীন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবরাকাতুহা